নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৫১ ২৭ আগস্ট ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# হিটের উপ-প্রকল্প বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ইউজিসির চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সঙ্গে দেশের ৪৩ সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আজ বুধবার (২৭ আগস্ট ২০২৫) রাজধানীর চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। হায়ার এডুকেশন এক্সেলারেশন এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের আওতায় ১৫১টি উপ-প্রকল্প বাস্তবায়নে এ চুক্তি স্বাক্ষরিত হয়। ইউজিসি সচিব ড. মো. ফখরুল ইসলাম এবং উপ-প্রকল্পপ্রাপ্ত পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারগণ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীমউদ্দিন খান এর সভাপতিত্বে এতে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) হায়ার এডুকেশন রিসার্চ এন্ড ট্রান্সফরমেশন (হিট) প্রকল্পের মাধ্যমে বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণা কার্যক্রমে গতিশীলতা আসবে। এ প্রজেক্ট দেশের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। এ সময় উপাচার্য নোবিপ্রবির কথা উল্লেখ করে আরও বলেন, সম্প্রতি হিট প্রকল্পের আওতায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় মোট সাতটি গবেষণা প্রজেক্ট অনুমোদন পেয়েছে। এ প্রকল্পে নোবিপ্রাবির পাঁচটি বিভাগের মোট সাতজন শিক্ষক সুপারভাইজার হিসেবে মনোনিত হয়েছেন। যা আমাদের জন্য উৎসাহব্যঞ্জক। এ ধরনের উদ্যোগ বিশ্ববিদ্যালয় পর্যায়ে তরুণ প্রজন্মকে গবেষণামুখী করবে এবং একই সঙ্গে উচ্চশিক্ষার মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে।

উক্ত অনুষ্ঠানে নোবিপ্রবির রিসার্চ সেলের পরিচালক ও জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবী, আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আবদুল কাইয়ুম মাসুদসহ হিট প্রজেক্টপ্রাপ্ত নোবিপ্রবির সুপারভাইজারবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, হিট প্রকল্পের অধীনে বিভিন্ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকদের থেকে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রকল্প প্রস্তাব আহ্বান করা হয়। এতে মোট ১৪৮১টি উপ-প্রকল্পের প্রস্তাব জমা হয়। যাচাই বাছাই শেষে ১৫১ টি উপ-প্রকল্প চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। দেশের উচ্চশিক্ষার মানোন্নয়নে পাঁচ বছর মেয়াদি (২০২৩-২০২৮) হিট প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৪ হাজার ১৬ কোটি ৫৭ লাখ টাকা। শিক্ষা মন্ত্রণালয়াধীন এই প্রকল্প ইউজিসি বাস্তবায়ন করছে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪